গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(নেজারত শাখা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৫২০০.০০৭.০১.০২৭.১২(অংশ)-১৯-

তারিখ : ,চৈত্র,১৪২৫ বঙ্গাব্দ
এপ্রিল, ২০১৯ খ্রিস্টাব্দ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

জনপ্রশাসন মন্ত্রণালয়, উদ্বৃত্ত কর্মচারী শাখার ০৩/০৩/২০১৯খ্রি. ০৫.০০.০০০০.১৬৬.১১.০০৫.১৭.১৩০ এবং ২৪/০৩/২০১৯খ্রি. ০৫.০০.০০০০. ১৬৬.১১.০০৫.১৭.১৫৫নং পত্রে জারীকৃত ছাড়পত্রের নির্দেশনা মোতাবেক জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট এর সাধারণ প্রশাসনের নিয়ন্ত্রণাধীন (জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং সার্কিট হাউস) নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত লালমনিরহাট জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে বর্ণিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত চাকরির আবেদনের মডেল ফরমে/নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহায়ক, গ্রেড-২০ | ০৮(আট) টি | ৮২৫০-২০০১০/- | অষ্টম শ্রেণী পাশ অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০২ | নিরাপত্তা প্রহরী, গ্রেড-২০ | ০৪ (চার) টি | ৮২৫০-২০০১০/- | অষ্টম শ্রেণী পাশ অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৩ | পরিচ্ছন্নতা কর্মী, গ্রেড-২০ | ০২ (দুই) টি | ৮২৫০-২০০১০/- | অষ্টম শ্রেণী পাশ অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

শর্তাবলী:

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও লালমনিরহাট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। নির্ধারিত আবেদন ফরমটি লালমনিরহাট জেলার ওয়েবসাইটে অর্থাৎ (www.lalmonirhat.gov.bd) লিংকে এবং জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট ও লালমনিরহাট জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

০৩। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা নির্বাচনী কমিটি, লালমনিরহাট বরাবর স্ব-হস্তে/কম্পিউটারে আবেদন ফরম পূরণ পূর্বক নির্ধারিত স্থানে তারিখসহ প্রার্থীকে স্বাক্ষর করতে হবে এবং আবেদনপত্র আগামী ০৮/০৫/২০১৯খ্রি. মধ্যে অফিস চলাকালীন ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌঁছাতে হবে। সরাসরি/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে আবেদনপত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৪। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করতে হবে;

ক) আবেদনপত্রে ফরমের নির্ধারিত স্থানে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩(তিন) কপি ৫X৫ সে.মি.আকারের ছবি।

খ) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।

গ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি।

ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের সত্যায়িত কপি।

ঙ) জাতীয় পরিচয়পত্র অথবা সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি।

চ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী হিসেবে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/ প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি/নাতনী হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভা মেয়র/কাউন্সিলর কর্তৃক সনদ পত্রের সত্যায়িত কপি।

ছ) শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপ পরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি।

জ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি।

ঝ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি।

ঞ) সোনালী ব্যাংকের যে কোন শাখায় ট্রেজারী চালানের মাধ্যমে ১-০৭৪২-০০০০-২০৩১ নম্বর কোডে ৫০ (পঞ্চাশ) টাকা জমাদানের চালানের মূল কপি।

ট) প্রবেশপত্র ইস্যুর স্বার্থে নিজের নাম ও ঠিকানা লিখিত ৬/-(ছয়) টাকার ডাক টিকিট লাগানো ১০.৫"X৪.৫" সাইজের একটি ফেরত খাম।

০৫। প্রার্থীদের সাক্ষাৎকারের সময় আবেদন পত্রের সাথে দাখিলকৃত সকল সনদের মূল কপি উপস্থাপন করতে হবে।

০৬। প্রার্থীর বয়স ০৮/০৫/২০১৯ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৭। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৮। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবিসহ সীল থাকতে হবে।

E:\Recrut.২০১৯\Biggopti.docx

০৯। চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে। আবেদনপত্রের অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১০। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে ।

১১। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোনরূপ কারণ দর্শানো ছাড়াই কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) ও বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নামও ঠিকানা এবং ডান পার্শ্বে জেলা প্রশাসক ও সভাপতি, জেলা নির্বাচনী কমিটি, লালমনিরহাট উল্লেখ করতে হবে।

১৩। নির্বাচনী পরীক্ষায়/সাক্ষাৎকার অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টি এ/ডি এ দেয়া হবে না।

১৪। আবেদনকারী কোন তথ্য গোপন বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলেও সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন শর্ত পরিবর্তন, সংযোজন, সংশোধন বা বতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


(মোহাম্মদ শফিউল আরিফ)
জেলা প্রশাসক
লালমনিরহাট
ফোন নং-০৫৯১-৬২০২০ (অফিস)
ফ্যাক্স: ০৫৯১-৬২০২১
dclalmonirhat@mopa.gov.bd


স্মারক নং- ০৫.৪৭.৫২০০.০০৭.০৫.০০২.১৯- ২৮৬/১ (৫০)

তারিখ : ২০ ,চৈত্র,১৪২৫বঙ্গাব্দ
০৩,এপ্রিল, ২০১৯খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

০১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৩। জেলা প্রশাসক........................................................ (সকল) জেলা।

০৪। পুলিশ সুপার, লালমনিরহাট।

০৫। সিভিল সার্জন, লালমনিরহাট।

০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লালমনিরহাট।

০৭। উপ পরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।

০৮। মেয়র, লালমনিরহাট/পাটগ্রাম,লালমনিরহাট (তাঁকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

০৯। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট।

১০। গবেষণা কর্মকর্তা, উদ্বৃত্ত কর্মচারী শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, . . . . . . . . . . . . . . . . (সকল), লালমনিরহাট (তাঁকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

১২। উপজেলা নির্বাহী অফিসার,. . . . . . . . . . . . . . . . (সকল), লালমনিরহাট (তাঁকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

১৩। সহকারী কমিশনার (ভূমি),. . . . . . . . . . . . . . (সকল), লালমনিরহাট (তাঁকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

১৪। সহকারী কমিশনার (আইসিটি), লালমনিরহাট। তাঁকে বিজ্ঞপ্তি ও মডেল আবেদন ফরমটি জেলার ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

১৫। জেলা হিসাব রক্ষণ অফিসার, লালমনিরহাট।

১৬। জেলা তথ্য অফিসার, লালমনিরহাট।(তাঁকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

১৭। সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, লালমনিরহাট।

১৮। পোস্ট মাস্টার, প্রধান ডাকঘর, লালমনিরহাট।

১৯। সম্পাদক/বিজ্ঞাপন সম্পাদক, দৈনিক ইত্তেফাক, ৪০,কাওরান বাজার, ঢাকা-১২১৫ এবং দৈনিক করতোয়া, শিল্পনগরী বিসিক, বগুড়া পত্রিকা। তাঁকে বিজ্ঞপ্তিটি ০৭/০৪/২০১৯খ্রি. মধ্যে ০১(এক) দিনের জন্য ভিতরের পাতায় ১০ ইঞ্চি x ৩ কলাম সাইজে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২০। নোটিশ বোর্ড /অফিস কপি।


(মোহাম্মদ শফিউল আরিফ)
জেলা প্রশাসক
লালমনিরহাট
ফোন নং-০৫৯১-৬২০২০ (অফিস)
ফ্যাক্স: ০৫৯১-৬২০২১
dclalmonirhat@mopa.gov.bd


E:\Recrut.২০১৯\Biggopti.docx